

الْحَيِّ

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু

বিসমিল্লাহির রহমানির রহিম

আল্লাহর সুন্দরতম ৯৯ নাম ‘আসমাউল হুসনার’ ৬৩ তম নাম ‘الْحَيِّ’ আজকের আলোচনার বিষয়। আরবি ভাষায় ‘الْحَيِّ’ শব্দের মূল ى - ح - ى, এই মূল শব্দ থেকে গঠিত শব্দসমূহ পবিত্র কোরআন মাজিদে ১৮৪ বার এসেছে। বাঁচা, জীবন দান করা, অভিবাদন করা, লজ্জিত হওয়া, অন্যকে বাঁচতে দেয়া, সাপ, জীবন ইত্যাদি অর্থে ব্যবহৃত হয়েছে। আল্লাহ الْحَيِّ অর্থ: ‘তিনি চিরঞ্জীব’।

মহান আল্লাহ পবিত্র কুরআনে ইরশাদ করেন:

وَعَنْتِ أَلْوَجُوهُ لِلْحَيِّ الْقَيُّومِ وَقَدْ خَابَ مَنْ حَمَلَ ظُلْمًا ﴿١١١﴾

সেদিন চিরঞ্জীব সর্ববস্তুর ধারকের উদ্দেশ্যে সবাই হবে নতশির। সেদিন ব্যর্থ হবে সে, যে বইয়ে আনবে জুলুম। (সূরা তোয়াহা: আয়াত নং ১১১)

وَتَوَكَّلْ عَلَى الْحَيِّ الَّذِي لَا يَمُوتُ وَسَبِّحْ بِحَمْدِهِ وَكَفَىٰ بِهِ بِذُنُوبِ عِبَادِهِ خَبِيرًا ﴿٥٨﴾

সেই চিরঞ্জিত সত্তার উপর তুমি তাওয়াক্কুল করো যার কখনো মউত হবে না। এবং তাঁর প্রশংসার সাথে তাসবিহ করো। নিজ বান্দাদের পাপের খবর রাখার জন্যে তিনিই যথেষ্ট। (সূরা আল ফুরকান: আয়াত নং ৫৮)

هُوَ الَّذِي يُحْيِي وَيُمِيتُ فَإِذَا قَضَىٰ أَمْرًا فَإِنَّمَا يَقُولُ لَهُ كُن فَيَكُونُ ﴿٦٨﴾

তিনিই চিরঞ্জীব, তিনি ছাড়া কোন ইলাহ নেই। তাঁর জন্যে আনুগত্যকে একনিষ্ঠ করে তোমরা কেবল তাঁকেই ডাকো। সমস্ত প্রশংসা আল্লাহ রাব্বুল আলামীনের। (সূরা আল মুমিন: আয়াত নং ৬৮)

তিরমিজি শরীফের হাদীস:

يَا حَيُّ يَا قَيُّوْمُ بِرَحْمَتِكَ أَسْتَغِيْثُ-

হে চিরঞ্জীব, হে চিরস্থায়ী, আমি সাহায্য চাচ্ছি আপনার রহমতের সাহায্যে।

আর নাসাঈ শরীফের হাদীস:

اللهم أصلح لي شأنِي كله ، ولا تكني إلي نفسي طرفة عين-

হে আল্লাহ, আমার সমস্ত বিষয় সংশোধন করে দাও, আমাকে চোখের এক পলকের জন্যেও আমার নফসের উপর আমাকে ন্যস্ত করো না।

প্রিয় ভাই ও বোনেরা! আসুন, চিরঞ্জীব আল্লাহর কাছে ধর্না দেই, তাঁর ও রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের আদেশ-নিষেধ পুরোপুরি ভাবে পালন করি। আল্লাহর সাথে শিরক না করি। কারণ শিরক এমন পাপ কাজ যেটা আল্লাহ ক্ষমা করবেন না। শিরক মুক্ত জীবন যাপন করার তৌফিক আল্লাহ আমাদেরকে দান করুন।

আমিন।

আসসালামুআলাইকুম ওয়াহমা তুল্লাহি ওয়াবাবাকা তুহ।